# এনফোর্সমেন্ট বুলেটিন

(জুলাই, ২০২৫)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. মোঃ কামরুজ্জামান**, *এনডিসি*
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**

**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**সৈয়দ আহম্মদ কবীর**

**উপপরিচালক**

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
আগস্ট ২০২৫

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় জুলাই/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জুলাই /২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৪২টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৬৪০ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৩৮,৭৭,২৫০/- (আটত্রিশ লক্ষ সাতাত্তর হাজার দুইশত পঞ্চাশ) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ২২১৪৮.৫ কেজি পলিথিন ও ৪৩৭ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২৪৯ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৩,৬০,৫৮,৮৫০/- (তিন কোটি ষাট লক্ষ আটান্ন হাজার আটশত পঞ্চাশ ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ২৯ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একই-সাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সৈয়দ ফরহাদ হোসেন**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় জুলাই ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক জুলাই ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | জুলাই ২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | জুলাই ২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় জুলাই ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*



*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

জুলাই ২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২৪৯ (দুইশত উনপঞ্চাশ) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৩,৬০,৫৮,৮৫০/- (তিন কোটি ষাট লক্ষ আটান্ন হাজার আটশত পঞ্চাশ ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ২,০৩,০৭,০৩৯/- (দুই কোটি তিন লক্ষ সাত হাজার উনচল্লিশ) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:**
মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:**
মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক জুলাই ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম ঃ




*চিত্র: জুলাই/২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০১ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে গাজীপুর ও ঢাকা মহানগরের খিলগাঁও ও বসিলা এলাকায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮টি মামলার মাধ্যেমে ৮০,০০০/- (আশি হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর-১ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ২০,০০০/- ( বিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, চুয়াডাঙ্গা, যশোর ও গাজীপুর জেলায় ০৬টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৩ টি মামলার মাধ্যমে ৩৪,০০০/-(চৌত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৩টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬ (ক) ধারা লংঘন করায় ভোলা, ঝিনাইদহ, নড়াইল ও গাজীপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮টি মামলার মাধ্যমে ৪৭,০০০/- (সাতচল্লিশ হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৭৭ কেজি পলিথিন জব্দ করা হয়।





**০২ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে জয়পুরহাট জেলার মেসার্স রাবেয়া ব্রিকস কে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা; মেসার্স এম ইসরাত হিমাগার লিঃ কে ৩ লক্ষ টাকা; পঞ্চগড় জেলার একতা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে  তিন মাসের মধ্যে স্থানান্তরের নির্দেশ প্রদান করা হয়; গাজীপুর জেলার ইউনি গিয়ার্স লিঃ কে ৫০ হাজার টাকা; পাবনা জেলার কিউলিন ইন্ডাঃ লিঃ কে ৩ লক্ষ টাকা; বিসি চারকোল মিল কে ৮ লক্ষ টাকা; পাহাড় কাটার অপরাধে নেত্রকোনা জেলার সাইদুর রহমানকে ৫ লক্ষ ২৫ হাজার টাকা; নরসিংদী জেলার আমানত শাহ উইভিং প্রসেসিং লিঃ কে ৩৬ হাজার ৫০০ টাকা এবং নারায়ণগঞ্জ জেলার সালাউদ্দিন আহমেদ টেক্সটাইল প্রাঃ লিঃ কে ২৮ লক্ষ ১২ হাজার ৮০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বান্দরবান জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলা মাধ্যমে ২০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে কুমিল্লা ইপিজেড এর সেন্ট্রাল ইটিপির প্রতিষ্ঠান সিগমা ইকোটেক লিঃ এর বর্জ্য ফেলে বায়ুদূষণ করার দায়ে কুমিল্লা জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যমে ৪,০০,০০০/- (চার লক্ষ ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের আফতাবনগর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩টি মামলার মাধ্যমে ১৫,০০০/- (পনের হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে ব্যাটারী হতে সীসা প্রস্তুতের মাধ্যমে বায়ুদূষণ করার দায়ে টাঙ্গাইল জেলায়  ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি ব্যাটারী হতে সীসা প্রস্তুতকারী কারখানার কার্যক্রম বন্ধ করে কারখানা দুইটি উচ্ছেদ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক গোপালগঞ্জ, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের নিউরো সাইন্স হাসপাতালের সামনে ০৫টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৫ টি মামলার মাধ্যমে ৩৮,৫০০/-(আটত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২০টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় মাগুরা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যমে ১৮,০০০/- (আঠার হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫২ কেজি পলিথিন জব্দ করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৩ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে রংপুর জেলার ফেমাস জেনারেল হাসপাতাল কে ৫০ হাজার টাকা; গাইবান্ধা জেলার কানিজ হসপিটাল এন্ড ল্যাব কে ৪০ হাজার টাকা; আলিফ ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার নাইশো সেফটি সু ইন্ডাস্ট্রিজকে ৭৫ হাজার টাকা; ইউনাইটেড ক্লিনিক এন্ড প্যাথলজি কে ৭৫ হাজার টাকা; নরসিংদী জেলার মর্ডাণ আই কেয়ার কে ৩০ হাজার টাকা; শিবপুর মেডিনোভা ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা এবং পিরোজপুর জেলার মেসার্স সততা রাইস মিল কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে নেত্রকোণা ও ঢাকা মহানগরের মতিঝিল, খিলগাঁও ও মোহাম্মদপুর এলাকায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩টি মামলার মাধ্যেমে ১৫,০০০/- (পনের হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। এছাড়াও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের নির্দেশে মোহাম্মদপুর জহুরী মহল্লায় রাস্তার দুইপাশে থাকা অবৈধ ভাঙ্গারী দোকান সরিয়ে নেওয়ার নির্দেশনা প্রদান করা হয়। মশার কয়েল কারখানার মাধ্যমে পরিবেশ দূষণ করার দায়ে রংপুর জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি অবৈধভাবে পরিচালিত মশার কয়েল প্রস্তুতকারী কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাটির কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ৩৫,০০০/- (পঁত্রিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ফরিদপুর, নীলফামারী ও ঝালকাঠি জেলায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪টি মামলার মাধ্যমে ৮,০০০/- (আট হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬৮ কেজি পলিথিন জব্দ করা হয়।




০৭ জুলাই ২০২৫ খ্রি: তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে রংপুর জেলার বীজ ফার্মাসিউটিক্যালস লিঃ কে ৮৭ হাজার ৮৪০ টাকা; মেসার্স রাফি এন্টারপ্রাইজ কে ৭৫ হাজার টাকা; নীলফামারী জেলার সৈয়দপুর ল্যাব কে ৩০ হাজার টাকা; কুড়িগ্রাম জেলার হাইপারটেনশন এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; খুলনা জেলার বৈশাখী পোল্ট্রি ফার্ম কে ৭৫ হাজার টাকা; চাপাঁইনবাবগঞ্জ জেলার নিউ মক্কা ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা; রাজবাড়ী জেলার মেসার্স আমিন এগ্রো ফার্ম লিঃ কে ৩ লক্ষ টাকা এবং নরসিংদী জেলার মনোহরদী পদ্মা ডায়াগন-স্টিক সেন্টার কে ৩৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। গোপালগঞ্জ ও ঢাকা জেলার আমিনবাজার এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩টি মামলার মাধ্যেমে ৫,৫৫,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চান্ন হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । বায়ু দূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক খুলনা জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে ইটভাটাটির কিলন ভেঙ্গে ইটভাটাটির কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের খিলক্ষেত এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ২৭,৪০০/- (সাতাশ হাজার চারশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক শেরপুর ও রাজবাড়ী জেলায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ১২,৫০০/-(বার হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৮টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় ফেনী, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যমে ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪১৫ কেজি পলিথিন জব্দ করা হয়।




বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

**০৮ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের রাপুরা এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পঞ্চগড়, গাজীপুর ও ঢাকা মহানগরের রামপুরা এলাকায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ১৮,০০০/-(আঠার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় নেত্রকোনা, চুয়াডাঙ্গা ও নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬টি মামলার মাধ্যমে ১৩,০০০/- (তের হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২৩ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে পঞ্চগড় জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ১,০০০/- (এক হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।




**০৯ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আশা টাওয়ার কে ৩ লক্ষ ৪৮ হাজার ৪০০ টাকা; মিরপুর কংক্রিট রেডিমিপ্ল্যান্ট কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; মেসার্স দিনাজপুর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; মেসার্স ফাহিম স্টীলকে কার্যক্রম বন্ধের নির্দেশ; মেসার্স এম আর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস কে কার্যক্রম বন্ধের নির্দেশ; ময়মনসিংহ জেলার প্যারাগন এগ্রো লিঃ (জৈবসার) কে ৫০ হাজার টাকা; পাবনা জেলার মেসার্স ফেইথ পিলিং স্টেশন কে ৪০ হাজার টাকা; নরসিংদী জেলার মিকদাদ পোল্ট্রি ফার্ম কে ৫০ হাজার টাকা; আলেয়া জেনারেল হসপিটাল কে ৫০ হাজার টাকা; গোপালগঞ্জ জেলার হোটেল জিমি (আবাসিক) কে ৭৫ হাজার টাকা; খুলনা জেলার পপুলার ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; মেহেরপুর জেলার আরফা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিঃ কে ১০ হাজার টাকা; নেত্রকোণা জেলার রেজভীয়া হেলথ কেযার সেন্টার কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক শেরে বাংলানগর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬ টি মামলার মাধ্যমে ১২,০০০/-(বার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় চুয়াডাঙ্গা এবং নোয়াখালী জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪টি মামলার মাধ্যমে ৫৩,০০০/- (তিপান্ন হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৫৩৮ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের কল্যাণপুর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ৫,০০০/- (পাঁচ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারা অনুযায়ী নারায়ণগঞ্জ জেলায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০১ টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।




**১০ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর এলাকা ও কিশোরগঞ্জ জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬ টি মামলার মাধ্যমে ৬,৫০০/-(ছয় হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় কিশোরগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যমে ১৩,০০০/- (তিপান্ন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৭ কেজি ৪০০ গ্রাম পলিথিন জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারা অনুযায়ী নারায়ণগঞ্জ ও পাবনা জেলায় ০২টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০২ টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য





**১৩ জুলাই ২০২৫ খ্রিঃ** যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা জেলার আমিন বাজার এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১৬,০০০/- (ষোল হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান, নীলফ-ামারী ও ঢাকা জেলার আমিন বাজার এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ১০,৫০০/-(দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় জামালপুর, সিরাজগঞ্জ, নেত্রকোনা ও নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ২৬,২০০/- (ছাব্বিশ হাজার দুইশত হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৭৭৪ কেজি পলিথিন জব্দ করা হয়।




**১৪ জুলাই ২০২৫ খ্রিঃ** তারিখে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বির"দ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নওগাঁ, গাইবান্ধা ও কিশোরগঞ্জ জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৪ টি মামলার মাধ্যমে ১৪,৪০০/-(চৌদ্দ হাজার চারশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।




**১৫ জুলাই ২০২৫ খ্রিঃ** তারিখে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বির"দ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা ঢাকা মহানগরের কুড়িল বিশ্বরোড এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১৪,০০০/- (চৌদ্দ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা জেলার কেরানীগঞ্জ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ২১,০০০/-(চৌদ্দ হাজার চারশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় ঝালকাঠি জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০০/- (পাঁচশত) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ কেজি পলিথিন জব্দ করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য






**১৬ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শাহবাগ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ২০,০০০/- (বিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, রাজবাড়ী, লালমনিরহাট, নীলফামারী, মেহেরপুর এবং মাগুরা জেলায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩০ টি মামলার মাধ্যমে ৩২,৯০০/-(বত্রিশ হাজার নয়শত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৮ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় সিলেট জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২০০ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে বায়ুদূষণ করার দায়ে নারায়ণগঞ্জ জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩টি মামলার মাধ্যেমে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২ টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ বি"ছিন্ন করা হয়। বায়ু দূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ফরিদপুর জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি ইটভাটার চিমনীসহ কাচাঁ ইট ভেঙ্গে গুড়িয়ে দেওয়া হয় এবং সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারা অনুযায়ী ঢাকা জেলার ধামরাই এলাকায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০১ টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্নকরণসহ কার্যক্রম বন্ধ করা হয়।





**১৭ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বির"দ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কুড়িল বিশ্বরোড এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫ টি মামলার মাধ্যমে ২১,৯০০/- (একুশ হাজার নয়শত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কুড়িল বিশ্বরোড, আমিন বাজার এবং ফেনী জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৪ টি মামলার মাধ্যমে ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় ঝালকাঠি, পিরোজপুর এবং বগুড়া জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৪০০০/- (চার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৭১ কেজি পলিথিন জব্দ করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭ টি মামলার মাধ্যমে ৩৩,০০০/- (তেত্রিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ১,২০০/- (এক হাজার দুইশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় সিরাজগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩০১৪ কেজি পলিথিন জব্দ করা হয়।






ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা নূন্যতম ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২১ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আলহামদুলিল হ ওয়াশিং কে ৫০ হাজার টাকা; সুপার জিন্স কে ৫০ হাজার টাকা; গ্রীন ল্যাবরেটরীজ কে ৩৫ হাজার টাকা; ম্যাক ওয়াশিং লিঃ কে ১ লক্ষ ৬৬ হাজার ৩২০ টাকা; জিয়াংশু স্টোরেজ ব্যাটারি কে ৯৯ হাজার ৯০০ টাকা; হোটেল ইন্টারন্যাশনাল কে ১ লক্ষ টাকা; হোটেল বিকি প জা কে ১ লক্ষ টাকা; হোরাইনজোন লেদার প্রোডাক্টকস কে ৩০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার এস এম সি ইন্টারন্যাশনাল কে ৫৩ হাজার ৫০০ টাকা; কনজুমার নিটেক্স লিঃ কে ২২ হাজার ৮০০ টাকা; শেরপুর জেলার দানিয়াল 'স' মিল কে ২০ হাজার টাকা; রংপুর জেলার মেসার্স উইলস ব্রিকস ইন্ডাঃ কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; মেসার্স আই এম এফ ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; দিনাজপুর জেলার মেসার্স এ আর ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার গোল্ডেন ফাইবার গ্যাস কে ৫০ হাজার টাকা; গাজীপুর জেলার এস এন্ড পি বাংলা লিঃ কে ৫০ হাজার টাকা এবং মুন্সিগঞ্জ জেলার বালিগাঁও ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক কে ৪০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬ টি মামলার মাধ্যমে ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর, রাজবাড়ী ও ভোলা জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে স্টীল রি-রোলিং মিল এবং নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে কুমিল্লা জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যেমে ৪১,৫০০/- (একচল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পিরোজপুর, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮১০ কেজি পলিথিন, ০২ টি পলিথিন মাপার ওজন মেশিন, ০৩ টি পলিথিন উৎপাদন মেশিন ও ০১ টি বৈদ্যুতিক মিটার জব্দ করা হয় এবং গাজীপুরে ০১ টি পলিথিন কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাটির কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়।





**২২ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে জয়পুরহাট জেলার শওকত আলী পোল্ট্রি ফার্ম কে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার মেডিটেক ইন্ডাঃ লিঃ কে ১ লক্ষ ৩৯ হাজার ২৬০ টাকা; গাইবান্ধা জেলার গাইবান্ধা মিষ্টান্ন ভান্ডারকে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ; শেরপুর জেলার মেসার্স সরকার স মিল কে ২০ হাজার টাকা; মেসার্স রাইবা স মির কে ১০ হাজার টাকা; মেহেরপুর জেলার হাফিজ ফার্নিচার কে স'নান-রের নির্দেশ প্রদান এবং সাতক্ষীরা জেলার জবেদা ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; ফ্যামিলি হেলথ কেয়ার সার্ভিসেস কে ২০ হাজার টাকা; সন্ধান হসপিটাল কে ৩৫ হাজার টাকা; ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের গাবতলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩ টি মামলার মাধ্যমে ৬৮,০০০/- (আটষট্টি হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, সুনামগঞ্জ, জামালপুর ও ঢাকা জেলার গাবতলী ও সাভার এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ৩১,৫০০/- (একত্রিশ হাজার পাঁচশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। পাবনা জেলায় একটি অবৈধ তুলা উৎপাদনকারী কারখানার বিরুদ্ধে এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে কারখানাটির বিদ্যুৎ সংযোগ বি"ছিন্ন করে কারখানার কার্যক্রম সম্পূণ্রূপে বন্ধ করে দেওয়া হয়। পাবনা জেলায় একটি অবৈধ ব্যাটারী কারখানার বির"দ্ধে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২০০,০০০/- (দুই লক্ষ টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় বরিশাল, যশোর ও চাঁদপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ৪৩,০০০/- (তেতালি শ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৮৬ কেজি পলিথিন জব্দ করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**২৪ জুলাই ২০২৫ খ্রিঃ** তারিখে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কুড়িল বিশ্বরোড এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪ টি মামলার মাধ্যমে ১৫,০০০/- (পনের হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কুড়িল বিশ্বরোড এবং যশোর, রাজবাড়ী ও খুলনা জেলায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৯ টি মামলার মাধ্যমে ২৬,৫০০/- (ছাব্বিশ হাজার পাঁচশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৭ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে বায়ুদূষণ করার দায়ে ময়মনসিংহ জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৯ কেজি পলিথিন জব্দ করা হয়।





**২৭ জুলাই ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার রাস রিসোর্ট কে ৩ লক্ষ ৫০ হাজার টাকা; রহিম আফরোজ ব্যাটারিজ লিঃ কে ১ লক্ষ ৭৫ হাজার ৫৬০ টাকা; সাইফ পাওয়ারটেক লিঃ কে ৪ লক্ষ ২০ হাজার টাকা; পাকিজা গার্মেন্টস কে ৪০ হাজার টাকা; কুড়িগ্রাম জেলার মমতা মেডিকেল এন্ড ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; দিনাজপুর জেলার মেসার্স এম আর এস ব্রিকস কে ৫ লক্ষ টাকা; নরসিংদী জেলার নরসিংদী জনপ্রিয় হাসপাতাল কে ৩০ হাজার টাকা; রেটিনা এগ্রো কেমিক্যাল কে ১৫ হাজার টাকা; মনোহরদী ডায়াবেটিস এন্ড জেনারেল হাসপাতাল কে ৩০ হাজার টাকা; পাবনা জেলার মেডিফাস্ট ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; জননী 'স' মিল কে ১৫ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার ইউনেসকো (বিডি) লিমিটেড কে ৮ হাজার ১২০ টাকা; মুন্সিগঞ্জ জেলার মুন এইড ডায়াগনস্টিক ল্যাব কে ২৫ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার নিউ আইডিয়াল হাসপাতাল কে ৩৫ হাজার টাকা; পদ্মা শিশু এন্ড মেডিসিনি কেয়ার ক্লিনিক কে ৩৫ হাজার টাকা; বন্ধন ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; সফি উদ্দিন আহম্মেদ ফাউন্ডেশন হাসপাতালকে ৩০ হাজার টাকা; পটুয়াখালী জেলার প্রিস্টিন ফার্মাসিউটিক্যালস কে ৮১ হাজার ৩৬০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের খিলক্ষেত এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় রাজবাড়ী ও বরিশাল জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৭১ কেজি পলিথিন জব্দ করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন্য ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২৮ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাইবান্ধা জেলার মেসার্স লিমন অটো রাইস মিল কে ১ লক্ষ টাকা; পাবনা জেলার সিয়াম স মিল কে ১৫ হাজার টাকা; আরাফাত স মিল কে ২০ হাজার টাকা; ঢাকা জেলার আশা শিপা ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; লাইপ এন্ড কেয়ার হাসপাতার লিঃ কে ১ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার মহিউদ্দিন টেক্সটাইল লিমিটেড কে ২ রক্ষ ৪৭ হাজার ৮০০ টাকা; মুন্সীগঞ্জ জেলার মেসার্স আশা স মিল কে ২০ হাজার টাকা; মেসার্স সিয়ামুর রহমান টিম্বার এন্ড স মিল কে ২০ হাজার টাকা; মেসার্স নূর স মিল কে ২০ হাজার টাকা; ঠকারগাঁও জেলার ঠাকুরগাঁও বেবি এন্ড মেডিসিন ক্লিনিক কে ৪০ হাজার টাকা; হেরত কেয়ার ডায়াগন-স্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; সেভেন ডে নার্সিং হোম এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা; ডেল্টা হাসপাতাল কে ৪০ হাজার টাকা; নেত্রকোণা জেলার সুমাইয়া (রাঃ) হেলথ কেয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার এ জে এন্টারপ্রাইজ কে ২ লক্ষ টাকা; এবং টাংগাইল জেলার কমফিট কম্পোজিট নীট লিঃ কে ১২ লক্ষ ১৮ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার টাকা মাত্র) জরিম-ানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা-২০২২ অনুযায়ী নিমার্ণ সামগ্রী দ্বারা বায়ুদূষণের বির"দ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের ৬০ ফিট, মিরপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঠাকুরগাঁও, কিশোরগঞ্জ ও রাজবাড়ী জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় ভোলা ও সিরাজগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১,২২,০০০/- (এক লক্ষ বাইশ হাজার) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।





**২৯ জুলাই ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে চাঁপাইনবাবগঞ্জ জেলার মেসার্স বাটা ব্রিকস কে ৫ লক্ষ টাকা; মেসার্স শাপলা হাওয়া ব্রিকস কে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা; যশোর জেলার আর্মি ওয়েরফেয়ার ট্রাস্ট ফিলিং স্টেশন কে ২৫ হাজার টাকা; ময়মনসিংহ জেলার সোনালী ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; মুলতাজিম টেক্সটাইল কে ৩ লক্ষ টাকা; গাজীপুর জেলার নোভাটেক ফার্মাসিউটিক্রালস কে ৪ হাজার ২৭০ টাকা; ওসকিস পেট ফুড কে ৪ লক্ষ টাকা; বেক্সিকো ফার্মাসিউটিক্যালস কে ৪ হাজার ৫৬০ টাকা; ঢাকা জেলার বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার কে ৫০ হাজার টাকা; পূর্ণিমা রেস্ে-ারা কে ৩ লক্ষ টাকা; নিউ জাবিন টেক্সটাইল কে ৩ লক্ষ ৪০ হাজার ৫৬০ টাকা; নারায়ণগঞ্জ জেলার সুপার অয়েল রিফাইনারী লিঃ কে ৯ লক্ষ ৫৭ হাজার ৬০০ টাকা; কুড়িগ্রাম জেলার মেসার্স জনতা ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা এবং বগুড়া জেলার একতা ট্রেডার্স কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১৮,০০০/- (আঠার হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা-২০২২ অনুযায়ী নিমার্ণ সামগ্রী দ্বারা বায়ুদূষণের বির"দ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পঞ্চগড়,নওগাঁ,মেহেরপুর ও রাজবাড়ী জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ৮,৮০০/- (আট হাজার আটশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। পুরাতন ব্যাটারি ভেঙ্গে অবৈধ সীসা তৈরী কারখানার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা ঢাকা জেলার আমিন বাজার এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি অবৈধ সীসা তৈরী কারখানার মালামাল জব্দ করা হয় এবং কারখানাগুলোর কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(গ) ধারা লংঘন করায় কুমিল্লা জেলায় বিপজ্জনক বর্জ্য সংরক্ষণ ও মজুদ করার দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ৮৪,৫০০/- (চুরাশি হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়, ০১ জন আসামীকে ০১ মাসের বিনাশ্রম কারাদন্ড দেওয়া হয় এবং ৭০০ কেজি পলিথিন জব্দ করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য






**৩০ জুলাই ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে রংপুর জেলার মেসার্স বি ই বি ব্রিকস কে ৫ লক্ষ টাকা; ইনসাফ ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; ঢাকা জেলার এম এস ট্যানারি কে ১০ লক্ষ টাকা; বর্ষা মেডিকেল সেন্টার কে ২৫ হাজার টাকা; গ্রাফিক্স টেক্সটাইল কে ৪ লক্ষ ৪৮ হাজার টাকা; নরসিংদী জেলার মার"ফ এমব্রয়ডারী কে বন্ধের নির্দেশ; বগুড়া জেলার রাবেয়া ব্রিকস কে ৫ লক্ষ টাকা; পাবনা জেলার আব্দুল আলীম স মিল কে ২০ হাজার টাকা এবং মুন্সীগঞ্জ জেলার মেডিকেয়ার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা  ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ২২,০০০/- (বাইশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। গাজীপুর জেলায় ০১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে অবৈধভাবে পরিচালিত ০৯ টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় চাঁদপুর ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ, সোয়ারিঘাট, লালবাগ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০০/- (পাঁচশত) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং চকবাজার ইমামগঞ্জ, সোয়ারিঘাট ও লালবাগ এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয় এবং ১২ কেজি পলিথিন জব্দ করা হয়।





**৩১ জুলাই ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঠাকুরগাঁও জেলার নাহিন প্যাথলজি কে ২০ হাজার টাকা; দেশ এক্সে ক্লিনিক এন্ড প্যাথলজি কে ১৫ হাজার টাকা; দেশ জেনারেল হাসপাতার কে ৪০ হাজার টাকা; ফরিদপুর জেলার পপুলার ডায়াগনস্টিক সেন্টার কে ৩৫ হাজার টাকা; ঢাকা মহানগরের এমেক্স নিটিং ডাইং কে ৩ লক্ষ ৭৪ হাজার ৪০০ টাকা; গাজীপুর জেলাপর বিলকিস এগ্রো কেয়ার কে ১ লক্ষ টাকা এবং সিরাজগঞ্জ জেলার পাঁচতারা মাচব্রাইজ এন্ড প্রসেস মিল কে ৫০ হাজার টাকা  ক্ষতিপূরণ ধার্য করা হয়। নেত্রকোনা, কিশোরগঞ্জ, খুলনা, বান্দরবান ও ঢাকা মহানগরের পলাশীর মোড়, চকবাজার ইমামগঞ্জ, সোয়ারিঘাট, লালবাগ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং চকবাজার ইমামগঞ্জ, সোয়ারিঘাট ও লালবাগ এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয় এবং ৪৫৬০ কেজি পলিথিন জব্দ করা হয়।  শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নীলফামারী জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১,০০০/- (এক হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। নারায়ণগঞ্জ জেলায় ০১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে অবৈধভাবে পরিচালিত ০১ টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য



LED04 বন্দর

## বন্দরে পরিবেশ অধিদপ্তর'র অভিযান: ৩২২ কেজি পলিথিন জব্দ, জরিমানা

admin জুলাই ১৩, ২০২৫

জেলা পরিবেশ অধিদপ্তর , জেলা পরিবেশ অধিদপ্তর জেলা পরিবেশ অধিদপ্তর , নারায়ণগঞ্জ পরিবেশ অধিদপ্তর , নারায়ণগঞ্জ পরিবেশ অধিদপ্তর অভিযান , পরিবেশ অধিদপ্তর , পরিবেশ অধিদপ্তর অভিযান , পরিবেশ অধিদপ্তর নারায়ণগঞ্জ , পরিবেশ অধিদপ্তরের অভিযান

লাইভ ন... শপিং ব্যাগের ব্যবহার ও বাজারজাতকরণ রোধে নারায়ণগঞ্জে অভিযান চালিয়েছে পরিবেশ অধিদপ্তর। রবিবার (১৩ জুলাই) পরিচালিত এই অভিযানে প্রায় ৩২২ কেজি নিষিদ্ধ পলিথিন

---

**দৈনিক বাংলা**

## ৮১০ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ ও কারখানা বন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

ইউএনবি

প্রকাশিত : ২১ জুলাই, ২০২৫ ২২:৫৫

তিন জেলায় পলিথিনবিরোধী অভিযান চালিয়ে ৮১০ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ করেছে পরিবেশ অধিদপ্তরের ভ্রাম্যমাণ আদালত। এসময় কয়েকটি কারখান বন্ধও করে দেওয়া হয়।

---

**একুশে সংবাদ.কম**

## দূষণবিরোধী অভিযানে ছয় মাসে ২৫ কোটি ৬১ লাখ টাকারও বেশি জরিমানা

নিজস্ব প্রতিবেদক
০৩:৫৯ পিএম, ১১ জুলাই, ২০২৫



বায়ুদূষণ, শব্দদূষণ এবং নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে দেশব্যাপী ছয় মাসের বিশেষ অভিযানে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট পরিচালনা করেছে ...শ অধিদপ্তর। এতে দায়ের করা হয়েছে ২ হাজার ...৬টি মামলা এবং আদায় করা হয়েছে ২৫ কোটি ৬১ লাখ টাকারও বেশি জরিমানা।

একুশে সংবাদের সর্বশেষ খবর পেতে Google

---

**সারাবাংলা**



*নিষিদ্ধ পলিথিন উৎপাদন ও বাজারজাতের বিরুদ্ধে পরিচালিত মোবাইল কোর্ট*

**ঢাকা:** নিষিদ্ধ পলিথিন উৎপাদন ও বাজারজাতের বিরুদ্ধে কঠোর অবস্থানে রয়েছে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। এর ধারাবাহিকতায় পরিচালিত অভিযানে আইন অমান্যকারীদের বিরুদ্ধে জরিমানা, কারখানা বন্ধ এবং বিপুল পরিমাণ নিষিদ্ধ পলিথিন জব্দ করা হয়েছে।

সোমবার (২১ জুলাই) পিরোজপুর, গাজীপুর ও নারায়ণগঞ্জে অভিযান পরিচালনা করা হয়।

জানা যায়, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০)-এর ৬(ক) ধারা লঙ্ঘনের দায়ে তিনটি পৃথক মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে ২টি মামলায় সর্বমোট ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা ... সঙ্গে ৮১০ কেজি নিষিদ্ধ পলিথিন, ২টি ওজন ...যন্ত্র, ৩টি পলিথিন উৎপাদন মেশিন এবং ১টি ...ক মিটার জব্দ করা হয়।

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে

দৈনিক বিভিন্ন দেশের ও তাজা খবর

# একুশে সংবাদ.কম

www.ekusheysangbad.com

## দূষণবিরোধী অভিযানে ছয় মাসে ২৫ কোটি ৬১ লাখ টাকারও বেশি জরিমানা

নিজস্ব প্রতিবেদক
০৩:৫৯ পিএম, ১১ জুলাই, ২০২৫



বায়ুদূষণ, শব্দদূষণ এবং নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে দেশব্যাপী ছয় মাসের বিশেষ অভিযানে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট পরিচালনা করেছে পরিবেশ অধিদপ্তর। এতে দায়ের করা হয়েছে ২ হাজার ৮৪৬টি মামলা এবং আদায় করা হয়েছে ২৫ কোটি ৬১ লাখ টাকারও বেশি জরিমানা।

একুশে সংবাদের সর্বশেষ খবর পেতে Google

## দূষণবিরোধী অভিযান : ৬ মাসে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট, ২৫ কোটি ৬১ লক্ষ টাকা জরিমানা

প্রকাশ : শুক্রবার, ১১ জুলাই , ২০২৫, ০৩:৫৫:০০ পিএম

প্রিন্ট অ + অ - অ

নিজস্ব প্রতিবেদক:



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বিশেষ উদ্যোগে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ০২ জানুয়ারি ২০২৫ থেকে ১০ জুলাই ২০২৫ পর্যন্ত দেশব্যাপী বায়ুদূষণ, শব্দদূষণ ও নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে ধারাবাহিকভাবে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালিত হয়েছে।

এসব অভিযানে মোট ২ হাজার ৮৪৬টি মামলা দায়ের করে ২৫ কোটি ৬১ লাখ ৩৯ হাজার ৯০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। বায়ুদূষণ নিয়ন্ত্রণে যা... অতিমাত্রায় কালো ধোঁয়া, অবৈধ ইটভাটা, স্টিল মিল,

## নারায়ণগঞ্জে নিষিদ্ধ পলিথিন বিক্রির দায়ে জরিমানা

প্রকাশিত: সোমবার ০৭ জুলাই ২০২৫ | অনলাইন সংস্করণ

Share 5



নারায়ণগঞ্জের বন্দর উপজেলার মুছাপুর এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রির দায়ে এক প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে প্রায় ১২ কেজি পলিথিন জব্দ করা হয়েছে। একই সঙ্গে প্রতিষ্ঠানটিকে ১ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার (৭ জুলাই) জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার টি. এম. রাহসিন কবিরের নেতৃত্বে নারায়ণগঞ্জ জেলা পুলিশ ও পরিবেশ অধিদপ্তরের একটি যৌথ টিম এ অভিযান পরিচালনা করে।

অভিযানে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. মোবারক হোসেন, যিনি

শিরোনাম

## দূষণবিরোধী অভিযান : ৬ মাসে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট, ২৫ কোটি ৬১ লক্ষ টাকা জরিমানা

প্রকাশ : শুক্রবার, ১১ জুলাই , ২০২৫, ০৩:৫৫:০০ পিএম

প্রিন্ট অ + অ - অ

নিজস্ব প্রতিবেদক:



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বিশেষ উদ্যোগে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ০২ জানুয়ারি ২০২৫ থেকে ১০ জুলাই ২০২৫ পর্যন্ত দেশব্যাপী বায়ুদূষণ, শব্দদূষণ ও নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে ধারাবাহিকভাবে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালিত হয়েছে।

এসব অভিযানে মোট ২ হাজার ৮৪৬টি মামলা দায়ের করে ২৫ কোটি ৬১ লাখ ৩৯ হাজার ৯০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। বায়ুদূষণ নিয়ন্ত্রণে যা... অতিমাত্রায় কালো ধোঁয়া, অবৈধ ইটভাটা, স্টিল মিল,

## দূষণবিরোধী অভিযান : ৬ মাসে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট, ২৫ কোটি ৬১ লক্ষ টাকা জরিমানা

প্রকাশ : শুক্রবার, ১১ জুলাই , ২০২৫, ০৩:৫৫:০০ পিএম

প্রিন্ট অ + অ - অ

নিজস্ব প্রতিবেদক:



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বিশেষ উদ্যোগে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ০২ জানুয়ারি ২০২৫ থেকে ১০ জুলাই ২০২৫ পর্যন্ত দেশব্যাপী বায়ুদূষণ, শব্দদূষণ ও নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে ধারাবাহিকভাবে ১ হাজার ১৯১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালিত হয়েছে।

এসব অভিযানে মোট ২ হাজার ৮৪৬টি মামলা দায়ের করে ২৫ কোটি ৬১ লাখ ৩৯ হাজার ৯০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। বায়ুদূষণ নিয়ন্ত্রণে যা... অতিমাত্রায় কালো ধোঁয়া, অবৈধ ইটভাটা, স্টিল মিল,

## আফতাবনগরে নির্মাণ সামগ্রী ফেলে বায়ুদূষণ: মোবাইল কোর্টে ৩ প্রতিষ্ঠানের জরিমানা

ভোরের ডাক রিপোর্ট:

প্রকাশ: বুধবার, ২ জুলাই, ২০২৫, ৫:৩৮ পিএম

প্রিন্ট অ + অ - অ



আজ ০২ জুলাই ২০২৫ তারিখে ঢাকা মহানগরের আফতাবনগর এলাকার বি-ব্লকে নির্মাণ সামগ্রী উন্মুক্তভাবে রাস্তায় ফেলে রেখে বায়ুদূষণ ঘটানোর অভিযোগে পরিবেশ মন্ত্রণালয় মোবাইল কোর্ট পরিচালনা করে।

মোবাইল কোর্ট পরিচালনায় নেতৃত্ব দেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপসচিব ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিজ জেসমিন নাহার। মামলার প্রসিকিউশন প্রদান করেন পরিবেশ অধিদপ্তরের ঢাকা মহানগর কার্যালয়ের পরিদর্শক মোঃ মনিরউদ্দিন আহাম্মদ।

## পরিবেশ দূষণের দায়ে গাজীপুরে ৯টি অবৈধ কারখানার বিদ্যুৎ ও গ্যাস সংযোগ বিচ্ছিন্ন

দৈরাস : ৩০ জুলাই ২০২৫ ৭:৪৫ অপরাহ্ণ



রাষ্ট্রীয় সংবাদ "সত্যের সুরক্ষা, জনগণের কণ্ঠস্বর"

**ঢাকা, ৩০ জুলাই ২০২৫ (দৈরাস):**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশে বুধবার (৩০ জুলাই) গাজীপুরে অভিযান পরিচালিত হয়। পরিবেশ অধিদপ্তর এ অভিযান

দৈনিক আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ / নারায়ণগঞ্জে পলিথিন বিরোধী অ...

## নারায়ণগঞ্জে পলিথিন বিরোধী অভিযানে ৮০ কেজি জব্দ, ২৩ হাজার টাকা জরিমানা

প্রকাশিত: মঙ্গলবার ২৯ জুলাই ২০২৫ | অনলাইন সংস্করণ

Share 12



নারায়ণগঞ্জের ফতুল্লায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রির দায়ে দুটি প্রতিষ্ঠানকে মোট ২৩ হাজার টাকা জরিমানা ও ৮০ কেজি পলিথিন জব্দ করেছে পরিবেশ

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনু"ছদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়